কালের কণ্ঠ

তারিখ: 07 NOV 2017
পৃষ্ঠা ... কলাম ...

### কবি নজরুল বিশ্ববিদ্যালয়

# ভারপ্রাপ্ত উপাচার্যকে ধাওয়া, ভাঙচুর

**ভালুকা (ময়মনসিংহ) প্রতিনিধি ▷**

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য (ভিসি) রাষ্ট্রপতির ভাগ্নে হিসেবে পরিচয়দানকারী এ এম এম শামসুর রহমানকে আত্মস্বীকৃত দুর্নীতিবাজ উল্লেখ করে লাঞ্ছিত করেছে শিক্ষার্থীরা। এ সময় উত্তেজিত শিক্ষার্থীরা তাঁর গাড়িটিও ভাঙচুর করে। তাঁকে নিরাপদে বাসায় পৌঁছাতে গিয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, কর্তব্যরত পুলিশ কর্মকর্তাসহ বেশ কয়েকজন আহত হয়েছেন। গতকাল সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ ঘটনা ঘটে।

স্থানীয় একাধিক সূত্র জানায়, সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি এ এম এম শামসুর রহমানের ক্যাম্পাসে আসার খবর পেয়ে প্রশাসনিক ভবনের সামনে অবস্থান নেয় শিক্ষার্থীরা। ভারপ্রাপ্ত ভিসিকে বহনকারী গাড়িটি প্রশাসনিক ভবনের সামনে এলে উত্তেজিত শিক্ষার্থীরা গাড়িটি প্রায় আধাঘণ্টা আটকে রাখে এবং ভিসিকে ক্যাম্পাস থেকে বের হয়ে যাওয়ার জন্য স্লোগান দিতে থাকে। শিক্ষার্থীদের বাধা উপেক্ষা করে তিনি প্রশাসনিক ভবনে ঢুকতে চাইলে তারা ক্ষিপ্ত হয়ে গাড়িতে ভাঙচুর চালায় এবং তাঁকে শারীরিকভাবে লাঞ্ছিত করে। পরে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর জাহিদুল কবীরসহ প্রক্টরিয়াল বডির সদস্যরা এবং ছাত্রলীগ নেতারা তাঁকে নিরাপদে ক্যাম্পাস থেকে বাসায় পৌঁছে দেওয়ার ব্যবস্থা করেন। ক্যাম্পাস থেকে বের হওয়ার সময় শিক্ষার্থীরা ভিসির গাড়ি লক্ষ্য করে ধাওয়া দেয় এবং জুতা নিক্ষেপ করতে থাকে। এতে প্রক্টর জাহিদুল কবীর, পুলিশ তদন্তকেন্দ্রের এসআই কামরুল ইসলামসহ বেশ কয়েকজন শিক্ষার্থী আহত হয়। পরে শিক্ষার্থীরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে এবং প্রশাসনিক ভবনে তালা ঝুলিয়ে দেয়।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম রাকিব বলেন, 'শিক্ষার্থীরা প্রশাসনিক ভবনের সামনে ভারপ্রাপ্ত ভিসিকে অবরোধ করেছে। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করে পরিস্থিতি শান্ত করার চেষ্টা করেছি।' বিশ্ববিদ্যালয়ের প্রক্টর জাহিদুল কবীর বলেন, 'ভারপ্রাপ্ত ভিসির আগমনকে কেন্দ্র করে ক্যাম্পাসে উত্তেজনার সৃষ্টি হয়েছে। পরে আমরা তাঁকে তাঁর বাসায় নিরাপদে পৌঁছার ব্যবস্থা করে দিই। ক্যাম্পাসের পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক।' বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার হুমায়ুন কবীর জানান, ভর্তি কমিটির মিটিংয়ে যোগ দেওয়ার জন্য ভারপ্রাপ্ত ভিসি ক্যাম্পাসে এসেছিলেন। শিক্ষার্থীদের তোপের মুখে তিনি মিটিংয়ে যোগ দিতে না পারায় মিটিং স্থগিত করা হয়েছে। বিশ্ববিদ্যালয় পুলিশ তদন্তকেন্দ্রের এসআই কামরুল ইসলাম বলেন, 'ধাক্কাধাক্কিতে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, আমিসহ বেশ কয়েকজন শিক্ষার্থী আহত হয়েছেন।' বিশ্ববিদ্যালয়ে দুর্নীতিবিরোধী আন্দোলনের মুখপাত্র ও শিক্ষক রেজুয়ান আহমেদ শুভ্র বলেন, 'আত্মস্বীকৃত দুর্নীতিবাজ ভারপ্রাপ্ত ভিসির পদত্যাগ না হওয়া পর্যন্ত আমরা আমাদের দুর্নীতিবিরোধী আন্দোলন চালিয়ে যাব।' এর আগে এই ভারপ্রাপ্ত ভিসির বিরুদ্ধে দুর্নীতি, নিয়োগ বাণিজ্য, অবৈধভাবে বদলি ও রাষ্ট্রপতির ভাগ্নে পরিচয় দিয়ে ক্ষমতার অপব্যবহার নিয়ে বিভিন্ন গণমাধ্যমে প্রতিবেদন ছাপা হয়। এর পর থেকেই তাঁর পদত্যাগের দাবিতে আন্দোলনে শুরু করে বিশ্বদ্যিালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা।

পরিচালকের কার্যালয়